

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডিন রোড, ঢাকা

স্মারক নং-৩২.০১.০০০০.০২১.২৫.০১১.১৮- ৪৫

তারিখ: ০৭/১১/২০১৮

বিষয় : মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতাধীন ২০১৭-২০১৮ অর্থ বছরের মাঠ পর্যায়ে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক পাইলট প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় অংশগ্রহণ প্রসংগে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই প্রোগ্রামের যৌথ উদ্যোগে মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরের মাঠ পর্যায়ের পাইলটিং উদ্ভাবনী প্রকল্পগুলোর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, অর্জিত সক্ষমতা ও শিখন চিহ্নিতকরণ, মূল্যায়ন, বৃহত্তর পরিসরে রেল্লিকেশন এবং পরবর্তী করণীয় নির্ধারণ করার লক্ষ্যে শোকেসিং কর্মশালার আয়োজন করা হবে। কর্মশালাটি প্রধান অতিথি হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, বিশেষ অতিথি হিসেবে মাননীয় মন্ত্রিপরিষদ সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় মাননীয় সচিব এবং এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে করার জন্য প্রস্তুতি নেয়া হচ্ছে।

উক্ত কর্মশালাটি সফল করার লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের পাইলটিং উদ্ভাবনী প্রকল্প গ্রহণকারী কর্মকর্তাদের সমন্বয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা আগামী ১২/১১/২০১৮ তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় ৫ম তলার মাল্টিপারপাস হলরুমে অনুষ্ঠিত হবে।

সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের সংযুক্ত তালিকায় উল্লেখিত তথ্য সহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিধি মোতাবেক টিএ, ডিএ প্রাপ্য হবেন।

সংযুক্ত : প্রয়োজনীয় তথ্যের তালিকা।


(শাহনওয়াজ দিলরুবা খান)
অতি: পরিচালক (উপ সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা

বিতরণ : কার্যার্থে

- ১। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খুলনা/নারায়নগঞ্জ/রাজবাড়ী/রাজশাহী/নাটোর/।
 - ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মুজিবনগর, মেহেরপুর/শরনখোলা, বাগেরহাট/বাঘারপাড়া, যশোর/বাজিতপুর, কিশোরগঞ্জ/দোহার, ঢাকা/ত্রিশাল, ময়মনসিংহ/কালিয়াকৈর, গাজীপুর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ/ক্ষেতলাল, জয়পুরহাট/বিশ্বনাথ, সিলেট/লাখাই, হবিগঞ্জ/মহলছড়ি, খাগড়াছড়ি/সৈয়দপুর, নীলফামারী/মিঠাপুকুর ও পীরগাছা, রংপুর।
 - ৩। ইনোভেশন টিমের সদস্য (সকল) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
 - ৪। সহকারী পরিচালক প্রশাসন-১ মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা। (২৫ জনের দুপুরের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
 - ৫। অশোক বিশ্বাস, ক্যাপাসিটি বিল্ডিং এসোসিয়েট, এ-টু আই প্রোগ্রাম, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা
- অনুলিপি : জ্ঞাতার্থে
- ১। চীফ ইনোভেশন অফিসার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 - ২। প্রকল্প পরিচালক, তথ্য ও প্রযুক্তি বিভাগ, এটুআই প্রোগ্রাম প্রধানমন্ত্রীর কার্যালয়।
 - ৩। জেলা প্রশাসক, খুলনা/নারায়নগঞ্জ/রাজবাড়ী/রাজশাহী/নাটোর/।
 - ৪। উপজেলা নির্বাহী অফিসার মুজিবনগর, মেহেরপুর/শরনখোলা, বাগেরহাট/বাঘারপাড়া, যশোর/বাজিতপুর, কিশোরগঞ্জ/দোহার, ঢাকা/ত্রিশাল, ময়মনসিংহ/কালিয়াকৈর, গাজীপুর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ/ক্ষেতলাল, জয়পুরহাট/বিশ্বনাথ, সিলেট/লাখাই, হবিগঞ্জ/মহলছড়ি, খাগড়াছড়ি/সৈয়দপুর, নীলফামারী/মিঠাপুকুর ও পীরগাছা, রংপুর।
 - ৫। মহাপরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।